## ...শাহী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| অধিবেশন নং | ঃ | ২৮/২০২২ |
| সভার তারিখ | ঃ | ২৩-০১-২০২২ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.০০ টা |
| উপদেষ্টা | ঃ | জনাব ইঞ্জিনিয়ার এনামুল হক<br>মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)। |
| সভাপতি | ঃ | জনাব অনিল কুমার সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "ক"(সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "খ"(সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীর ১২ নং অনুচ্ছেদে (১) এ বর্ণিত উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাইকার অর্থায়নে আইসিটি কর্ণার নির্মাণ বাবদ ২০,০০,০০০/-( বিশ লক্ষ) টাকার স্থলে ১০, ০০,০০০/- ( দশ লক্ষ) টাকা এবং অবশিষ্ট ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মচমইল ডিগ্রী কলেজের বাউন্ডারী ওয়াল নির্মান প্রকল্প গ্রহণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আর কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, তার দপ্তরে সুরক্ষা প্রকল্পের আওতায় জলাতঙ্ক রোগে যদি কোন গরু মারা যায় ল্যাবে পরীক্ষার মাধ্যমে প্রমান হলে সংশ্লিষ্ট গরুর মালিককে ৫০,০০০/- থেকে ৮০,০০০/- টাকা অনুদান প্রদান করা যাবে। বিষয়টি স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | জলাতঙ্ক রোগে ক্ষতিপূরণের বিষয়টি স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধিবৃন্দ |
| ০২ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বাগমারা উপজেলার অর্থনীতিতে মৎস্য চাষ অনেক বড় অবদান রাখে। কৃষি প্রণোদনার মত মৎস্য চাষে প্রণোদনা এবং মৎস্য চাষে ব্যবহৃত বিদ্যুৎ বিলের রেট কৃষি ক্ষেত্রে ব্যবহৃত সেচ যন্ত্রের মত সমহারে নির্ধারণ করা হলে মৎস্য চাষ অনেকাংশে বৃদ্ধি পাবে এবং ক্ষতিগ্রস্থ মৎস্য চাষীগণ ক্ষতি পুষিয়ে নিতে পারবে। বিষয়টির প্রতি তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | কৃষি প্রণোদনার মত মৎস্য চাষে প্রণোদনা এবং মৎস্য চাষে ব্যবহৃত বিদ্যুৎ বিলের রেট কৃষি ক্ষেত্রে ব্যবহৃত সেচ যন্ত্রের মত সমহারে নির্ধারণের বিষয়টি সরকারের দৃষ্টিতে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ করা হয়। | মাননীয় সংসদ সদস্য |
| ০৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় মাধ্যমিক পর্যায়ের ১২ থেকে ১৮ বছরের ছাত্র/ছাত্রীর সংখ্যা ৪৪,৪০৮ জন। উক্ত ছাত্রছাত্রীর মধ্যে ৪১,৯৬৮ জন ছাত্রছাত্রীকে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশনের আওতায় আনা হয়েছে। অবশিষ্ট ছাত্রছাত্রীদের ভ্যাকসিনেশনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে। | ৪১,৯৬৮ জন ছাত্রছাত্রীকে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশনের আওতায় আনার জন্য মাননীয় সংসদ সদস্য কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া অবশিষ্ট ছাত্রছাত্রীদের ভ্যাকসিনেশনের আওতায় আনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দ্বীপপুর ইউনিয়নের হাসানপুর সরকারী প্রাঃ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণে স্থানীয় জনসাধারণ অবৈধভাবে বাধা প্রদান করছেন। শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে উক্ত প্রতিষ্ঠানের বাউন্ডারী ওয়াল নির্মাণ জরুরী। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য সভায় অনুরোধ জানান। | হাসানপুর সরকারী প্রাঃ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণে প্রশাসনিক সহায়তা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, উপজেলা ও নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর কাবিখা প্রকল্পের বরাদ্দকৃত অর্থে (কাবিখা ৮৬, টিআর ৬২) সর্বমোট ১৪৮ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। আগামী ৩১ জানুয়ারী ২০২২খ্রি. তারিখের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার নির্দেশনা রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান। | টিআর, কাবিখা ও কাবিটার অর্থায়নে গৃহীত প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানানো হয়। | জন[illegible] |
| ০৬ | অফিসার ইনচার্জ, বাগমারা থানা সভায় জানান যে, গত ০৫ জানুয়ারী ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন সকলের আন্তরিক সহযোগিতায় কোন বিচ্ছিন্ন ঘটনা ছাড়ায় সম্পন্ন হয়েছে। যার জন্য তিনি জনপ্রতিনিধিবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান নির্বাচন পরবর্তী সময়েও আইন-শৃংখলা স্বাভাবিক রয়েছে। এছাড়া বাগমারা থানাকে একটি মডেল থানা বিনির্মাণে তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সক্রিয় সহযোগিতা কামনা করেন। | বাগমারা উপজেলায় সার্বক্ষণিক নিরাপত্তা ও আইন-শৃংখলা স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ বাগমারা থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ বাগমারা থানা |
| ০৭ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বাগমারা উপজেলায় ১৬ টি ইউনিয়ন পরিষদের মধ্যে ১৪টি ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মিত হয়েছে। অবশিষ্ট ০২টি যথাক্রমে জিকরা ও গোয়ালকান্দি ইউপি ভবন নির্মাণে জমির স্বল্পতার কারণে প্রস্তাব প্রেরণ করা যাচ্ছে না। প্রয়োজনীয় জমি ক্রয়ের মাধ্যমে ইউপি কমপ্লেক্স ০২টি নির্মাণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | গোয়ালকান্দি ও ঝিকরা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় জমি ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান গোয়ালকান্দি ও ঝিকরা ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান গোয়ালকান্দি ও ঝিকরা ইউপি |
| ০৮ | মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী সভায় জানান যে, মডেল মসজিদ নির্মাণে .০৯ একর ব্যক্তি মালিকানাধীন জমি মসজিদের অনুকূলে রেজিষ্ট্রেশন সম্পন্ন না হওয়ায় কাজ শুরু হয়নি। এ প্রসঙ্গে মাননীয় সংসদ সদস্য দ্রুত মডেল মসজিদ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা আরও জানান উপজেলা নির্বাহী অফিসার জনপ্রতিনিধি বৃন্দের সাথে সমন্বয় না করে ইচ্ছামত কার্যক্রম পরিচালনা করছেন। যার কারণে জনপ্রতিনিধিবৃন্দের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। এছাড়া অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার অনুপস্থিত থাকায় সভায় ক্ষোভ প্রকাশ করেন। | মডেল মসজিদ নির্মাণে ব্যক্তি মালিকানাধীন .০৯ একর জমি মসজিদের অনুকূলে রেজিষ্ট্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য মেয়র, ভবানীগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়। | মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা |
| ০৯ | চেয়ারম্যান, সোনাডাঙ্গা ইউপি সভায় জানান যে, আমার গ্রাম আমার শহর প্রকল্পে তাঁর ইউপিকে নির্বাচন করা হয়েছে। যার জন্য তিনি মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে আমার গ্রাম আমার শহর প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আমার গ্রাম আমার শহর প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান যে, তার ইউপির কনোপাড়া-তেলিপুকুর রাস্তা ও হাসানপুর-রামরামা রাস্তা জনস্বার্থে পাকা করা প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | কনোপাড়া-তেলিপুকুর রাস্তা ও হাসানপুর-রামরামা রাস্তা জনস্বার্থে পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | চেয়ারম্যান, দ্বীপপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নে প্রায় ৮০০ বিঘা জমি(বিল) রয়েছে। মাছ চাষকে কেন্দ্র করে প্রায় জটিলতা সৃষ্টি হয়। যে কোন সময় আইন-শৃংখলা বিঘ্নিত হতে পারে। আইন শৃংখলা স্বাভাবিক রাখার স্বার্থে সর্বসাধারন ব্যবহারের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | আইন-শৃংখলা স্বাভাবিক রাখার স্বার্থে দ্বীপপুর ইউপির বর্ণিত বিলের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার জনপ্রতিনিধি বৃন্দের সাথে সমন্বয় না করে কার্যক্রম পরিচালনা করছেন। যা দুঃখজনক। এছাড়া অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত না থাকায় ক্ষোভ প্রকাশ করেন। জনপ্রতিনিধির সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় মত ব্যক্ত করেন। | জনপ্রতিনিধিবৃন্দের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে,<br>১.উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও গাড়ি চালকের চাকুরী কাল সন্তোষজনকভাবে একই পদে ১০ বছর অতিক্রান্ত হওয়ায় তারা উচ্চতর বেতন গ্রেড প্রাপ্তির আবেদন করেছেন।<br><br>২. উপজেলা নির্বাহী অফিসারের আউট সোর্সিং এর মাধ্যমে কর্মরত গাড়ি চালকের সরকারী বরাদ্দ না আসায় সেপ্টেম্বর-২১ মাস হতে বেতন ভাতা না পেয়ে মানবেতর জীবন-যাপন করছেন। যার জন্য সে সরকারী বরাদ্দ না আসা পর্যন্ত উপজেলা পরিষদ হতে সমহারে বেতন প্রাপ্তির আবেদন করেছেন।<br><br>৩. উপজেলা পরিষদ কার্যালয়ের ফটোকপিয়ার মেশিন ও একটি ল্যাপটপ না থাকায় অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। যার জন্য তিনি উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য একটি ফটোকপিয়ার মেশিন ও একটি ল্যাপটপ ক্রয়ের জন্য সভায় মত ব্যক্ত করেন।<br>৪. তিনি তার এবং ০২ জন ভাইস চেয়ারম্যানের অক্টোবর ২১ হতে ডিসেম্বর ২১ পর্যন্ত ভ্রমণ ব্যয় বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ১. উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও গাড়ি চালকের চাকুরী কাল সন্তোষজনকভাবে একই পদে ১০ বছর অতিক্রান্ত হওয়ায় নীতিমালা অনুসরণে উচ্চতর বেতন গ্রেড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মানবিক কারণে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে কর্মরত গাড়ি চালকের সরকারী বরাদ্দ না আসা পর্যন্ত এবং সরকারী বরাদ্দ পাওয়া গেলে গৃহীত অর্থ উপজেলা পরিষদ তহবিলে পরিশোধ শর্তে (সেপ্টেম্বর-২১ মাস হতে) উপজেলা পরিষদ হতে ঋণ হিসেবে সমহারে বেতন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সরকারী নীতিমালা অনুসরণে উপজেলা পরিষদ কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে ০১টি ফটোকপিয়ার মেশিন ও ১টি ল্যাপটপ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪. উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ০২ জন ভাইস চেয়ারম্যানের অক্টোবর ২১ হতে ডিসেম্বর ২১ পর্যন্ত ভ্রমণ ব্যয় বিল অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | ৫. স্থানীয় জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে প্রায় ৩ বছর পূর্বে মধ্যদৌলতপুর "সালেহা ইমারত প্রাথমিক বিদ্যালয়" নামকরণে সরকারের অনুকূলে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত বিদ্যালয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অন্তর্ভুক্ত, রেজিস্ট্রেশন ও ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ৫. "সালেহা ইমারত প্রাথমিক বিদ্যালয়" প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অন্তর্ভুক্ত, রেজিস্ট্রেশন ও ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা) ও উপজেলা পরিষদের সম্মানীত উপদেষ্টা উপজেলা পরিষদের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ও জনকল্যাণে নিম্নবর্ণিত পরামর্শ প্রদান করেনঃ<br><br>১। ৫ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইউপি নির্বাচন কোন অপ্রীতিকর ঘটনা ছাড়ায় অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হওয়ায় প্রার্থী এবং নির্বাচন কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।<br>২। অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত না থাকায় তিনি দুঃখ ও ক্ষোভ প্রকাশ করেন। এছাড়া সভায় তারিখ নির্ধারণে তার সঙ্গে যোগাযোগ করা জন্য পরামর্শ প্রদান করেন।<br>৩। বাগমারা উপজেলায় অবকাঠামো উন্নয়নে বদলীকৃত উপজেলা প্রকৌশলীকে তার সুচারু দায়িত্বপালনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>৪। নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানবৃন্দকে স্বাগত জানান সেই সাথে জনকল্যাণে ও স্ব স্ব এলাকার উন্নয়নে দায়িত্বপালনের পরামর্শ প্রদান করেন।<br>৫। বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন যে সকল গভীর নলকুপে বিদ্যুৎ সংযোগ হয়নি সে সকল গভীর নলকুপে দ্রুত বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের পরার্শ প্রদান করেন।<br>৬। শিশুদের সুরক্ষায় যে সকল প্রাথমিক বিদ্যালয় বাউন্ডরী ওয়াল নির্মাণে বাধা প্রদান করা হচ্ছে সে সকল এলাকার বাধা প্রদানকারী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদানের করেন।<br>৭। আমার গ্রাম আমার শহর প্রকল্পে বাংলাদেশের ১৪টি গ্রামের মধ্যে বাগমারা উপজেলায় একটি গ্রাম নির্বাচিত করায় তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>৮। ২০২২ সাল নতুন বছর। অতিতের সকল সংকট কাটিয়ে বাগমারা উপজেলাকে মডেল উপজেলায় রুপান্তরে ও জনকল্যাণে জনপ্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দ সমন্বয়ের মাধ্যমে যাবতীয় উন্নয়ন কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করেন।<br>৯। জনগণের স্বার্থে প্রয়োজনে সকল দপ্তরের কর্মকর্তাদের তাঁর সাথে আলোচনা ও পরামর্শ করার আহবান জানান। | উপজেলা পরিষদের সভা পরিচালনাকারী হিসেবে পরবর্তীতে অনুষ্ঠিতব্য মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>জনকল্যাণে ও স্ব স্ব এলাকার উন্নয়নে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br><br>বিদ্যুৎ সংযোগ বিহীন সকল গভীর নলকুপে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি ও সহকারী প্রকৌশলী, বিএমডিএ কে অনুরোধ করা হয়।<br><br>শিশুদের সুরক্ষায় যে সকল প্রাথমিক বিদ্যালয় বাউন্ডরী ওয়াল নির্মাণে বাধা প্রদান করা হচ্ছে সে সকল এলাকার বাধা প্রদানকারী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>অতিতের সকল সংকট কাটিয়ে বাগমারা উপজেলাকে মডেল উপজেলায় রুপান্তরে ও জনকল্যাণে জনপ্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দ সমন্বয়ের মাধ্যমে যাবতীয় উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br><br>জনগণের স্বার্থে প্রয়োজনে সকল দপ্তরের কর্মকর্তাদের মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা ও পরামর্শ করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>ইউপি চেয়ারম্যান বৃন্দ<br><br>ডিজিএম নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি ও সহকারী প্রকৌশলী, বিএমডিএ<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার<br><br>সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দ<br><br>সকল বিভাগীয় কর্মকর্তাবৃন্দ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(অনিল কুমার সরকার) 26/01/22

চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২০- ৬৫ (৫০)

তারিখ ঃ ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)

০২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। জেলা প্রশাসক, রাজশাহী

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী

০৭। উপজেলা ........................................................অফিসার,বাগমারা, রাজশাহী

০৮। চেয়ারম্যান..........................................................ইউপি,বাগমারা, রাজশাহী

০৯। জনাব........................................................................ বাগমারা, রাজশাহী।

২৪/১/২২

(মোঃ ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০৭২২২৫৬০০১
email.unobagmara@mopa.gov.bd

২৪/১/২২